গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়
বঙ্গবন্ধু ফেলোশীপ অন আইসিটি প্রকল্প
BCSIR কমপ্লেক্স, ধানমন্ডি, ঢাকা-১২০৫

স্মারক নং ৩৯.০০০.০১৪.০৩.০৫.২০১০.১৯২ তারিখ ২৫.১১.২০১৪

প্রেরক : মোঃ সাইফুলাহ (অতিরিক্ত সচিব)
প্রকল্প পরিচালক
বঙ্গবন্ধু ফেলোশীপ অন সাইন্স এন্ড আইসিটি প্রকল্প

প্রাপক : ভাইস চ্যান্সেলার
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম ।

বিষয়ঃ বঙ্গবন্ধু ফেলোশীপ অন সাইন্স এন্ড আইসিটি প্রকল্প এর বিজ্ঞাপন এবং আবেদনপত্রের সম্পর্কে ব্যবস্থা গ্রহন সংক্রান্ত

মহোদয়,

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রনালয় কর্তৃক পরিচালিত বঙ্গবন্ধু ফেলোশীপ অন সাইন্স এন্ড আইসিটি প্রকল্পের আওতায় এ বছর বিদেশে পি এইচ ডি এর জন্য ০৬ জন , বিদেশে এমএস এর জন্য ১৩ জন, স্থানীয় পর্যায়ের বিশ্ববিদ্যালয় সমূহে পি এইচ ডি এর জন্য ০৭ জন এবং পি এইচ ডি উত্তর ০৭ জন কে ফেলোশীপ প্রদান করা হবে। এতদসংগে বিজ্ঞাপনের কপি এবং আবেদনপত্রের নমুনা আপনার সদয় অবগতির জন্য সংযুক্ত করা হলো ।

২। আপনার বিশ্ববিদ্যালয়ে ও বিশ্ববিদ্যালয়ের আওতাধীন শিক্ষাপ্রতিষ্ঠান সমূহে চাকুরীরত শিক্ষক এবং অধ্যয়নকারী শিক্ষার্থী গন আগামী ১৪-১২-২০১৪ তারিখের মধ্যে আবেদনকারী হিসেবে ফেলোশীপের জন্য আপনার বরাবর আবেদন দাখিল করবে ।

৩। নির্দিষ্ট তাখিের পর প্রাপ্ত আবেদনপত্র সমূহ হতে বিজ্ঞাপনের শর্ত অনুসারে বিষয়ভিত্তিক যোগ্য ও উপযুক্ত প্রার্থী নির্বাচন (মূখ্য ও বিকল্প) করে তার তালিকা আগামী **ডিসেম্বর ২১ , ২০১৪** তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর (প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু ফেলোশীপ অন সাইন্স এন্ড আইসিটি প্রকল্প, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ, (BCSIR) ৩৪, ডঃ কুদরত-ই-খুদা সড়ক, ধানমন্ডি,ঢাকা-১২০৫) নিকট প্রেরণ করার জন্য বিনীত অনুরোধ জানানো হলো ।

আপনার অনুগত
(স্বাক্ষর) ২৫/১১/২০১৪
মোঃ সাইফুল্লাহ (অতিরিক্ত সচিব)
প্রকল্প পরিচালক
ফোন নং ০২৯৬৭৭৪৮৫

স্মারক নং চবি-৬৮৪/প্রশা:/১৪/৮-৫০১১(৪) তারিখ- ৬/১২/১৪
সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আপনার অনুষদের সংশ্লিষ্ট বিভাগ/ইনস্টিটিউটের শিক্ষক মহোদয়ের মাঝে বহুল প্রচারের জন্য আদেশক্রমে প্রেরিত হলো:-
১। ডিন - বিজ্ঞান/সমাজ বিজ্ঞান/জীববিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিং অনুষদ, চ:বি,

Registrar
2/12/18

৩১০৭২
২৩০/১৪
৩/১২/২০১৪

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়
বঙ্গবন্ধু ফেলোশীপ অন সাইন্স এন্ড আইসিটি প্রকল্প
বিসিএসআই আর কমপ্লেক্স, ধানমন্ডি, ঢাকা-১২০৫

স্মারক নং ৩৯.০০০.০১৪.০৩.০৫.২০১৩. ১৯১

তারিখ ২৫.১১.২০১৪

ফেলোশিপ বিজ্ঞপ্তি

বিষয় : বঙ্গবন্ধু ফেলোশিপ অন সাইন্স এন্ড আইসিটি প্রকল্প এর আওতায় বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে উচ্চতর শিক্ষায় (পিএইচডি, পিএইচডি উত্তর) ফেলোশিপ।

অবিজ্ঞানের বিষয়সমূহে দেশে / বিদেশে উচ্চতর শিক্ষায় (এম এস, পিএইচডি, পিএইচডি উত্তর) ফেলোশীপ প্রদানের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত ও নীতিমালা অনুযায়ী দরখাস্ত আহবান করা যাচ্ছে :

১ । কেবলমাত্র বিজ্ঞানের বিষয়সমূহে নিম্নবর্ণিত সংখ্যায় ফেলোশীপ প্রদান বিবেচনা করা হবে:
  ক. এম এস (বিদেশে) - ১৩ টি
  খ. পিএইচডি (বিদেশে) - ০৬টি
  গ. পিএইচডি (দেশে) - ০৭টি
  ঘ. পিএইচডি উত্তর (দেশে) - ০৭টি

২ । বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের নূন্যতম ৩টি প্রথম বিভাগ/ শ্রেনী থাকতে হবে এবং কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/ শ্রেনী গ্রহনযোগ্য হবেনা ।

৩। যে সকল দেশের বিশ্ববিদ্যালয় / ইন্সটিটিউট সমূহে ভর্তি হলে ফেলোশিপ এর যোগ্য হবেন :
  ক. ইউরোপ, ভারত, মালয়েশিয়া, থাইল্যান্ড, চীন, দক্ষিন কোরিয়া, সিংগাপুর এবং জাপান
  খ. দেশে ডিগ্রির জন্য বাংলাদেশের ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েট, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, এবং শাহজালাল বিজ্ঞানও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এ ভর্তি হলে ফেলোশিপ এর যোগ্য হবেন।

৪ । সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে দরখাস্ত আহবানের তারিখে বয়স সর্বোচ্চ ৩৫ বছর । সরকারী, আধা সরকারী,এবং স্বায়ত্বশাসিত গবেষনা উন্নয়ন সংস্থার বিজ্ঞানী এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ক্ষেত্রে বয়স ৪০বছর এবং পিএইচডি উত্তর কোর্সে কোন বয়সসীমা থাকবেনা ।

৫ । যারা এমএস (MS) পিএইচডি (PhD). পিএইচডি উত্তর (Post PhD) কোর্সে ভর্তি হয়েছেন কিন্তু আর্থিক অনুদানের অভাবে শিক্ষাজীবন আরম্ভ করতে পারছেন না কেবলমাত্র সে সকল প্রার্থীকেই বিবেচনায় আনা হবে ।

৬। স্নাতকোত্তর পর্যায়ে ইংরেজিতে অভিসন্দর্ভ রচনার পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।

৭। কম্পিউটার সম্পর্কে **Word, Windows, Excel, Access, PowerPoient, Email,Internet Browsing** এ অভিজ্ঞতা রয়েছে দেশী/ বিদেশী জার্নালে গবেষণামূলক প্রবন্ধ প্রকাশ করেছেন এবং বিবাহিত প্রার্থী যাদের অনধিক ২ সন্তান রয়েছে এমন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

৮। আগ্রহীগন প্রকল্প পরিচালকের সাথে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে ফেলোশীপের আবেদনপত্রের ফরম সংগ্রহ করতে পারবেন অথবা প্রার্থীর নিজ ঠিকানাযুক্ত ও অব্যবহৃত ১০ টাকার টিকেট সহ খাম প্রেরণ পূর্বক ডাকযোগেও ফরম সংগ্রহ করতে পারবেন ।এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয় (www.mosict.gov.bd.) এবং ৩ এ বর্ণিত বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতেও ডাউনলোড করা যাবে।

০৯। মনোনীত প্রার্থীদের প্রতিবছর কাজের অগ্রগতি মূল্যায়ন করা হবে।

১০। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয় কর্তৃক গঠিত একটি কমিটি প্রার্থীদের দরখাস্ত বিবেচনা করে নির্বাচনের সুপারিশ করবেন ।

১১। নির্বাচিত ফেলোর গ্রান্টারগন এই মর্মে ২০০ টাকার ননজুডিশিয়াল ষ্টাম্পে বন্ড প্রদান করবেন যে ডিগ্রি লাভের পর নিজ দেশের সরকারী অথবা কোন সংস্থায় চাকুরী/ সেবা প্রদান করবেন।

১২। শর্ত ভঙ্গকারী ফেলোদের বিরুদ্ধে অর্থ আদায় সহ আইনানুগ ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

১৩। মনোনীত প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে উপযুক্ত হতে হবে।

১৪। সম্প্রতি তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, পরীক্ষার মার্কশীট / গ্রেড পয়েন্ট এর সত্যায়িত কপি , সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের গবেষণা কর্মের সুপারভাইজার এর মতামত এবং স্পন্সরশীপ সার্টিফিকেট সমূহ সহ পূরণকৃত আবেদনপত্র আগামী ১৪-১২-২০১৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট (**প্রকল্প পরিচালক, বঙ্গবন্ধু ফেলোশীপ অন সাইন্স এন্ড আইসিটি প্রকল্প, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (BCSIR), ৩৮ ,ডঃ কুদরত-ই খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-**১২০৫) পৌছাতে হবে।

১৫। অধ্যয়নরত প্রার্থীগন স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর ১৪-১২-২০১৪ তারিখের মধ্যেই আবেদন করবেন।এবং উপাচার্যগন প্রার্থীদের মনোনয়ন তাদের জন্য নির্ধারিত সময়ে প্রকল্প পরিচালক এর নিকট পেরণ করবেন ।

১৬। যাদের ১ অনুচ্ছেদ অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা নেই তাদের আবেদন করার কোন প্রয়োজন নেই ।

১৭। সরকারী / আধা সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করবেন ।

মোঃ সাইফুল্লাহ (অতিরিক্ত সচিব)
প্রকল্প পরিচালক
ফোন-০২৯৬৭৭৪৮৫
Email: mdsaifullah56@yahoo.com